গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
এমআইএস বিভাগ

# তথ্য অধিকার কর্মপরিকল্পনা সংক্রান্ত কমিটির প্রথম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মুহম্মদ আশরাফ হোসেন, সচিব, বিপিসি। |
| সভার তারিখ | : | ২৬/০৯/২০২৩ |
| সভার সময় | : | বেলা ০৩.০০ ঘটিকা |
| স্থান | : | বিপিসি বোর্ড সভা কক্ষ। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট – ক |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বিগত বছরের অর্জনের বিষয়ে সভায় আলোকপাত করেন। তিনি সভাকে জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর একটি গুরুত্বপূর্ণ অংশ হলো **তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন**। এ লক্ষ্যে নির্ধারিত সূচকে কাঙ্খিত মান অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রয়োজন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশিকার আলোকে নির্ধারিত বিষয়/আলোচ্য সূচিসমূহ উপস্থাপনের জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন।

২। সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশিকার প্রতিটি অনুচ্ছেদ এবং চলতি ২০২৩-২০২৪ এর জন্য নির্ধারিত কার্যক্রম, লক্ষ্যমাত্রা ও এর বাস্তবায়ন সংক্রান্ত বিষয়গুলো পর্যায়ক্রমে উপস্থাপন করেন। উপস্থাপিত বিষয়ে কমিটি মতামত প্রদান করেন। উক্ত মতামতের আলোকে সভায় বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র: নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|
| ২.০১ | <u>নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তিঃ</u><br>তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ১। নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিপিসি। |
| ২.০২ | <u>হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশঃ</u><br>তথ্য বাতায়ন যে কোন প্রতিষ্ঠানের মুখচ্ছবি স্বরূপ। বিপিসির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বিপিসি ও এর আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য সকল তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশের উদ্যোগ করতে হবে। | উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিপিসি। |
| ২.০৩ | <u>বার্ষিক প্রতিবেদন প্রকাশঃ</u><br>বিপিসির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। বিপিসির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে হবে। | উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিপিসি। |
| ২.০৪ | <u>প্রচার কার্যক্রমঃ</u><br>বিপিসির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। | ১। তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ে প্রচার কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিপিসি। |

| | | | |
|---|---|---|---|
| ২.০৫ | **প্রশিক্ষণ আয়োজনঃ**<br>তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন এর ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। তথ্য অধিকার আইন, ২০০৯ ও এর বিধিমালা, প্রবিধানমালা, স্বতঃপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকাসহ সংশ্লিষ্ট বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট/ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও প্রধান কোর্স সমন্বয়ক, বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র। |

৩। পরিশেষে, সভাপতি বিপিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর আওতাধীন তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সূচকে কাঙ্খিত মান অর্জনের ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬.০৯.২০২৩
(মুহম্মদ আশরাফ হোসেন)
সচিব
ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি।

স্মারকঃ ২৮.০৩.০০০০.০০৮২.০৪.০০৩.২২. তারিখঃ ২৬/০৯/২০২৩

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) প্রেরণ করা হলঃ

১। উর্ধ্বতন মহাব্যবস্থাপক /মহাব্যবস্থাপক (বাঃ ও অপাঃ/হিসাব/বঃ ও বিঃ/অর্থ/পরিঃ ও উঃ), বিপিসি।
২। উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিপিসি।
৩। ব্যবস্থাপক (প্রশাসন/সংস্থাপন/সা.ক.শা.), বিপিসি।
৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিপিসি।
৫। তথ্য অধিকার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিপিসি।
৬। প্রধান কোর্স সমন্বয়ক, বিপিসি প্রশিক্ষণ কেন্দ্র।
৭। সচিব মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিপিসি।
৮। অফিস কপি।

২৬/৯/২৩
(মোঃ নিয়াজ মোর্শেদ)
উপ-ব্যবস্থাপক (সংস্থাপন)
ও
সদস্য-সচিব

# বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

বিপিসি'র সচিব জনাব মুহম্মদ আশরাফ হোসেন এর সভাপতিত্বে ২৬/০৯/২০২৩ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় বিপিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর অধীনে তথ্য অধিকার কর্মপরিকল্পনা সংক্রান্ত কমিটির ১ম সভার উপস্থিতিঃ

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | মুস্তফা কুদরত-ই-ইলাহী | মহাব্যবস্থাপক (বাণিজ্য) | [signature] |
| ০২। | মুহম্মদ হানিফ | উপ-ব্যবস্থাপক (নিরীক্ষা) | [signature] |
| ০৩। | মো: নিয়াজ মোর্শেদ | উপ-ব্যবস্থাপক (সংস্থাপন) | [signature] |
| ০৪। | স্বাতপ্রিয় বড়ুয়া | উপ. মহা. প্রকৌশলী ([illegible] উন্ন.) | [signature] 26/9/2023 |
| | | | |
| | | | |